

প্রকাশ : ১৭ মে, ২০১৬ ০৩:০২:৪০ আপডেট : ১৭ মে, ২০১৬ ১০:৩৫:৪৭

টেলিটকের বিরুদ্ধে অভিযোগ

মাতৃত্বকালীন ছুটি চাওয়ায় চাকরি ছাড়ার নির্দেশ!

বিশেষ প্রতিনিধি

মাতৃত্বকালীন ছুটির আবেদন করায় চাকরি ছেড়ে দিতে বলা হয়েছে রাষ্ট্রায়ত্ত্ব কোম্পানি টেলিটকের গ্রাহকসেবা কেন্দ্রের এক কর্মীকে। নিয়ম অনুযায়ী সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে ছয় মাসের মাতৃত্বকালীন ছুটি বাধ্যতামূলক হলেও টেলিটক তা অনুসরণ করছে না বলে অভিযোগ উঠেছে।

গাজীপুরের জয়দেবপুরে টেলিটক গ্রাহকসেবা কেন্দ্রের কর্মী মাহফুজা খাতুন স্বর্ণা সমকালকে জানান, তিনি সম্প্রতি মাতৃত্বকালীন ছুটির জন্য আবেদন করেন। তার আবেদন গ্রাহকসেবা কেন্দ্র থেকে নির্ধারিত প্রক্রিয়ায় টেলিটক কেন্দ্রীয় কার্যালয়ে পাঠানো হয়। কিন্তু কেন্দ্রীয় কার্যালয় তার ছুটি অনুমোদন করেনি। উল্টো তাকে চাকরি ছেড়ে দিতে গ্রাহকসেবা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জানানো হয়।

পরে কর্মকর্তারা তাকে বিষয়টি জানিয়ে দেন স্বর্ণা জানান, তিনি ২০১৩ সালে এই গ্রাহকসেবা কেন্দ্রে যোগ দেন। 'গালফ সিকিউরিটিজ' নামে একটি প্রতিষ্ঠান তাকে নিয়োগ দেয়। এই গ্রাহকসেবা কেন্দ্রের অধিকাংশ কর্মীই গালফ সিকিউরিটিজ সার্ভিসের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত। এর আগে এ কেন্দ্রের আরও পাঁচ কর্মী নিয়ম অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি পেয়েছেন। কিন্তু এবারই টেলিটক কর্তৃপক্ষ ভিন্ন আচরণ করছে। টেলিটক সূত্রে জানা যায়, আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগ হলেও গ্রাহকসেবা কর্মীদের দীর্ঘ ছুটিসহ গুরুত্বপূর্ণ কিছু বিষয় শুধু আউটসোর্স প্রতিষ্ঠানের ওপর ছেড়ে দেওয়া হয়নি, টেলিটক কর্তৃপক্ষই দেখাশোনা করে। সে অনুযায়ী এর আগে একাধিক কর্মী মাতৃত্বকালীন ছুটিসহ দীর্ঘ ছুটি পেয়েছেন। কিন্তু এবার টেলিটকের কেন্দ্রীয় অফিস থেকে কেন স্বর্ণার ছুটি মঞ্জুর করা হয়নি, তা সংশ্লিষ্ট অধস্তন কর্মকর্তাদের কাছেও বোধগম্য নয়। সন্দেহ করা হচ্ছে, আউটসোর্স কোম্পানির সঙ্গে সম্পর্কের শীতলতার কারণে টেলিটকের কার্যালয় এ ধরনের পদক্ষেপ নিতে পারে।

এ ব্যাপারে টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক গিয়াসউদ্দিন আহমেদ সমকালকে বলেন, জয়দেবপুরের ওই গ্রাহকসেবা কেন্দ্রটিতে আউটসোর্স কোম্পানির মাধ্যমে কর্মী নিয়োগ দেওয়া হয়েছে। এখানে টেলিটক কর্মীদের বেতনও আউটসোর্স কোম্পানির মাধ্যমেই পরিশোধ করা

হয়। কর্মীদের ছুটি-সংক্রান্তসহ যাবতীয় বিষয় আউটসোর্স কোম্পানিই দেখে। স্বর্ণার মাতৃকালীন ছুটির আবেদনটিও টেলিটকের কেন্দ্রীয় কার্যালয় থেকে নাকচ করা হয়েছে জানালে তিনি বলেন, এ ব্যাপারটি তার জানা নেই। তিনি বলেন, আউটসোর্স কোম্পানির মাধ্যমে নিয়োগকৃত কর্মীদের ছুটির আবেদন টেলিটকের কেন্দ্রীয় কার্যালয়ে আসার কথা নয়।

[Print](#)

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮